গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা ক্যান্টনমেন্ট
**শিক্ষা শাখা**
www.dmlc.gov.bd

নম্বর-২৩.২২.০০০০.০১৮.০৪.০১৮.২৫-৫৫৬

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

**বিষয়: জনাব ফয়জুন নেছা (৬০০৯০), প্রভাষক (বাংলা), শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাস এর বিরুদ্ধে ০১৮/২০২৫ নং বিভাগীয় মামলায় আরোপিত দন্ড চাকরি বহিতে লিপিবদ্ধকরণ।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-২৩.০০.০০০০.০৯০.২৭.০০৪.২৬.১৬৩, তারিখ: ০৮ জুলাই ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখের ২৩.২২.০০০০.০১৮.০৪.০১৮.২৫-১০৭৭ সংখ্যক স্মারকের মাধ্যমে জনাব ফয়জুন নেছা (৬০০৯০), প্রভাষক (বাংলা), বীর বিক্রম শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাস-কে বিভাগীয় মামলা নং-০১৮/২০২৫ এর মাধ্যমে তাঁর উপর আরোপিত '০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' লঘুদন্ড প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক বাতিলপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী '০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' লঘুদন্ড প্রদান করা হয়। প্রদত্ত এ আদেশ পরবর্তী ০১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে এবং নির্ধারিত মেয়াদ অতিক্রান্তে তিনি বাৎসরিক বেতন বৃদ্ধির সুবিধাদি প্রাপ্য হবেন। একইসাথে বিভিন্ন মেয়াদে মোট ২২ (বাইশ) দিনের অননুমোদিতভাবে ভোগকৃত বহির্বাংলাদেশ ছুটিকে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হয় এবং অসাধারণ ছুটি সংক্রান্ত বিএসআর (পার্ট-১) এর ৩০৩ বিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

০২। বর্ণিতাবস্থায়, এ সংক্রান্ত পত্রের ছায়ালিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এসাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো। একইসাথে উল্লিখিত দন্ড বর্ণিত শিক্ষকের চাকরি বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করে আগামী ৩১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে এ কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

১৯/৭/২০২৬
(শামীমা শরমিন)
সহকারী পরিচালক (শিক্ষা)(অ.দা.)
ফোনঃ ৮৭১৫৬৯৭
E-mail: adeduof@dmlc.gov.bd

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা সেনানিবাস

অনুলিপি অবগতি/কার্যার্থে:

১। আইসিটি সেল, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২। অধ্যক্ষ, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাস
৩। জনাব ফয়জুন নেছা (৬০০৯০), প্রভাষক (বাংলা), বীর বিক্রম শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাস